দৈনিক ইত্তেফাক

87

SEP. 1 3 1999
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৭

# সিলেকশন গ্রেড প্রদানের আবেদন

আমি ১৯৯০ সনে বিসিএস শিক্ষা ক্যাডারে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করি। ১৯৯১ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অধ্যাপকগণ বেতন ৭১০০ টাকা স্কেলে নির্ধারিত হয়। ঐ জাতীয় স্কেলের ৮(৩) ধারা অনুযায়ী চতুর্থ গ্রেড পর্যন্ত কর্মকর্তাদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছাইবার এক বৎসর পর সন্তোষজনক চাকুরীর ভিত্তিতে পরবর্তী স্কেলে ৭৮০০ টাকা করার বিধান রহিয়াছে। কিন্তু আমরা অনেকে ৪/৫ বৎসর পূর্বে বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছাইবার পরও উচ্চতর স্কেল পাই নাই। অনেকে ইতিমধ্যে অবসর গ্রহণ করিয়াছেন। আবার কেহ এলপিআর-এ চলিয়া গিয়াছেন। কেহবা শীঘ্রই এলপিআর-এ যাইবেন। এই প্রবীণ প্রফেসরগণ স্বাভাবিকভাবেই হতাশাগ্রস্ত। উল্লেখ্য, মোট অধ্যাপকের পদ সংখ্যার অর্ধেককে সিলেকশন গ্রেড প্রদান করার নিয়ম দীর্ঘদিন ধরিয়া প্রচলিত। কিন্তু দুঃখের বিষয় যে, ১৯৯৫ সালের পর আর কোন অধ্যাপককে সিলেকশন গ্রেড প্রদান করা হয় নাই। তবে '৯৭' সালে আঠার জন অধ্যাপক অনেক সিনিয়রকে পাশ কাটাইয়া উচ্চতর স্কেল (৭৮০০ টাকার স্কেল) পাইয়াছেন। তখন এসএসবিতে এ বিষয়টি প্রেরণের কোন প্রশ্ন উঠে নাই। অথচ এখন আমাদের বেলায় বারবার এসএসবি, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, অর্থ মন্ত্রণালয়-এসব স্থানে নানা অজুহাতে বিলম্ব করা হইতেছে। এমতাবস্থায়, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের নিকট সবিনয় নিবেদন এই যে, যথাশীঘ্র সম্ভব আমাদের উচ্চতর স্কেল বা সিলেকশন গ্রেড প্রদান করা হউক।

-জনৈক ভুক্তভোগী অধ্যাপক